

স্মারক নং- ৩৪.০১.২৬৭২.০১৭.৩৫..০৩৭.২০১৬- ৬৯৯

তারিখঃ- ২০.১২.২০২১

বিষয়ঃ- শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত জাতীয় পর্যায়ে যুব বিনিময় কর্মসূচিতে যুবক ও যুবনারী মনোনয়ন।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭-১২-২০২১ তারিখ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত জাতীয় পর্যায়ে যুব বিনিময় কর্মসূচির আয়োজন করা হয়েছে। উক্ত যুব বিনিময় কর্মসূচিতে দেশের বিভিন্ন পর্যায়ের (যুব সংগঠক, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, বিভিন্ন সামাজিক সংগঠন ও উন্নয়নকর্মী) মোট ২০০ জন যুব ও যুবনারী প্রতিনিধি অংশগ্রহণ করবেন।

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের অনন্য সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈশিষ্ট্যের উৎকর্ষতা সাধনে বিভিন্ন শ্রেণীর যুবদের সমন্বয়ে এ যুব বিনিময় কর্মসূচি অনুষ্ঠিত হবে। মুজিবশতাব্দ, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালনের মাধ্যমে যুবদের দেশপ্রেমে উদ্বুদ্ধ সহ জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ও অংশগ্রহণের পাশাপাশি বিভিন্ন অঞ্চলের যুবদের পারস্পরিক মতবিনিময়ের সুযোগ সৃষ্টি করা এই কর্মসূচির অন্যতম উদ্দেশ্য।


যুব বিনিময় কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আপনার জেলা হতে ১৮ হতে ৩৫ বছর বয়সসীমার মধ্যে উপযুক্ত ০২(দুই) জন (০১ জন যুবক ও ০১জন যুবনারী) প্রতিনিধি মনোনীত করে যুব বিনিময় কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে দেয়ার জন্য অনুরোধ করছি। অংশগ্রহণকারীদের উপস্থিতি আগামী ২৭ ডিসেম্বর বিকাল ৪.০০ টার মধ্যে নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য যে, আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ বিকেল ২:০০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে “ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০” এর সমাপনী অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি প্রধান অতিথি হিসেবে সংযুক্ত থাকবেন এবং ওআইসি ডুক্ত রাষ্ট্রের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠানে মনোনীত যুব প্রতিনিধিগণকে অংশগ্রহণ করার লক্ষ্যে যুবদের সাদা শার্ট, কালো কোর্ট ও লাল টাই এবং যুবনারীদের কালো কোর্ট সংগে নিয়ে আসার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মনোনীত যুব প্রতিনিধিকে অনুমোদিত হারে যাতায়াত ভাতা এবং আবাসন ও খাবারের ব্যবস্থা করা হবে।


(মোঃ মিজানুর রহমান)
পরিচালক

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর



অনুলিপি:

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০২। অফিস কপি।

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট